

## ক্রমঃ ৮৮ আল-গনিহি <sup>الْغَنِيُّ</sup>

### অর্থ

অমুখাপেক্ষী ধনী

### English

□ Al-Ghaneey

- The One who does not need the creation.
- The rich, the all sufficing, Self-Sufficient

### ব্যাখ্যা

<sup>الْغَنِيُّ</sup> | আল-গানিয়ু (অমুখাপেক্ষী), আল-মুগনি (সমৃদ্ধকারী, উদ্ধারকারী)[1] | Al-Ghaniyy | The Self-Sufficient, The Wealthy

আল্লাহ তা'আলা বলেছেন,

﴿يَا أَيُّهَا النَّاسُ أَنْتُمُ الْفُقَرَاءُ إِلَى اللَّهِ وَاللَّهُ هُوَ الْغَنِيُّ الْحَمِيدُ ۗ﴾ [فاطر: ١٥]

“হে মানুষ, তোমরা আল্লাহর প্রতি মুখাপেক্ষী আর আল্লাহ অমুখাপেক্ষী ও প্রশংসিত।” [সূরা ফাতির, আয়াত: ১৫] অতঃএব, তিনি সত্ত্বাগত ভাবেই অমুখাপেক্ষী। সর্ব দিক বিবেচনায়, সকল পূর্ণতার বিচারে তাঁর রয়েছে সর্ব সাধারণ পূর্ণাঙ্গ অমুখাপেক্ষীতা এবং পূর্ণ গুণাবলী। কোন দিক থেকেই তাঁর কোন অপূর্ণতা ও দোষ-ত্রুটি স্পর্শ করতে পারে না। আর একমাত্র গানি তথা অমুখাপেক্ষী আল্লাহ ব্যতীত কারো এ ধরনের গুণ থাকতে পারে না। কেননা তাঁর অমুখাপেক্ষীতা সত্ত্বাগত ভাবেই অত্যাবশ্যকীয়, যেমনিভাবে তিনি ব্যতীত কেউ খালিক (সৃষ্টিকারী), কাদির (সর্বসক্ষম), রাযিক (রিযিকদাতা) ও মুহসিন (ইহসানকারী) হতে পারে না। অতঃএব, তিনি কারো কাছে কোন ভাবেই অভাবী ও মুখাপেক্ষী নন।

তিনি অমুখাপেক্ষী, তাঁর হাতেই রয়েছে আসমান ও জমিনের ধন-ভাণ্ডার, দুনিয়া ও আখিরাতের ভাণ্ডার সামগ্রী। তিনি সব সৃষ্টি থেকে সম্পূর্ণ অমুখাপেক্ষী, তিনি তাঁর বিশেষ বান্দা ও সৃষ্টি থেকেও সম্পূর্ণ অমুখাপেক্ষী যাদের অন্তরে তিনি রাব্বানী জ্ঞান ও ঈমানী হাকিকত দান করেন। [2]

তাঁর পূর্ণ অমুখাপেক্ষীতা ও দয়ার নিদর্শন হলো তিনি তাঁর বান্দাদেরকে তাঁর কাছে দো'আ করতে আদেশ

